

**পাকশীর মহাসমাবেশ  
সফল করতে হবে**

065

—অধ্যাপক আযাদ

দরিদ্র ও দুর্বল পেশাজীবী সংগঠনগুলোর জন্য সম্মেলন ও সমাবেশ আন্দোলনেরই একটি রূপ। সমাবেশের মাধ্যমে পেশাজীবী সংগঠিত হয় এবং তাদের দাবী-দাওয়া ও সমস্যার কথা উচ্চকিত হয়। দাবী-দাওয়ার পক্ষে জনমত গঠন ও সাংগঠনিক শক্তি প্রতিষ্ঠার মাধ্যমেই দাবী আদায় হয়।

গতকাল লোহার পুল প্রাথমিক বিদ্যালয়ে সূত্রাপুর থানার প্রাথমিক শিক্ষকদের সাধারণ সভায় বক্তৃতাদানকালে অধ্যাপক আবুল কালাম আযাদ উপরোক্ত মন্তব্য করেন।

তিনি বলেন, পাকশীর মহাসমাবেশকে সফল করার মাধ্যমে ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ প্রমাণ করবেন যে, তারাও দেশের অন্যান্য অঞ্চলের শিক্ষকদের ন্যায় অধিকার সচেতন। সূত্রাপুর থানা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব সিদ্দিকুর রহমানের শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন।

**অধ্যাপক আযাদ**

প্রথম পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক কাজী আ, কা, ফজলুল হক, মহিলা সম্পাদিকা সৈয়দা রুখসানা হক ও মহানগরী সমিতির সভাপতি আফতাব উদ্দীন আহমেদ বক্তৃতা করেন।

গতকাল বিকেলে পূর্ব খিলগাঁও প্রাথমিক বিদ্যালয়ে মতিঝিল থানার প্রাথমিক শিক্ষকদের এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অধ্যাপক আবুল কালাম আযাদ সভায় প্রধান বক্তারূপে উপস্থিত ছিলেন। সভায় বিপুলসংখ্যক মহিলা শিক্ষিকার উপস্থিতিতে অধ্যাপক আযাদ ঘোষণা করেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি শিক্ষিকাদের মনেও সংগঠনের প্রয়োজনীয়তা ও অধিকার সচেতনতা জাগ্রত করতে পেরেছে। আজ সারাদেশে শিক্ষিকারা সমিতির পতাকা তলে ঐক্যবদ্ধ হয়ে সংগ্রামমুখর হয়েছে।

মতিঝিল থানা সমিতির সভাপতি শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কাজী ফজলুল হক, ওয়াহিদুজ্জামান, সৈয়দা রুখসানা হক, হাসিনা আকতার, আফতাব উদ্দীন আহমেদ ও মতিঝিল থানা সমিতির সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান বক্তৃতা করেন। —সংবাদ বিজ্ঞপ্তির